



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়



“এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত ১৫তম সভার কার্যবিবরণী”

সভাপতি মোঃ আরিফুল ইসলাম
উপ -মহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
সভার তারিখ ১৫সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময় সকাল ১১.০০ ঘটিকা।
স্থান অত্র দপ্তরের সভা কক্ষে।
উপস্থিতি পরিশিষ্ট ‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় ও বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এসডিজি ইন্ডিকেটর ৮.৮.১ (Frequency rates of fatal and non fatal occupational injuries by sex and migrant status) লিঙ্গ ও অভিবাসন অবস্থাভেদে পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|-----------|----------------|--|--|-----------------------------|
| ১ | সচেতনতা বৃদ্ধি | ঝুঁকিপূর্ণ কারখানায় সেফটি নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | ১) শ্রম পরিদর্শকগণের নিজ নিজ কর্ম এলাকায় ঝুঁকিপূর্ণ কারখানা চিহ্নিত করে তার লিস্ট আগামী ১৫/১০/২০২২খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে। ২) ঝুঁকিপূর্ণ কারখানা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সেগুলো সূচীতে দিয়ে পরিদর্শন করতে হবে এবং নোটিশ প্রেরণ করতে হবে। ৩) নিজ নিজ কর্ম এলাকার দায়িত্ব সংশ্লিষ্ট পরিদর্শকগণের। সুতরাং নিজ এলাকায় ঝুঁকিপূর্ণ কারখানা থাকলে তা পরিদর্শন করতে হবে এবং কোন ধরনের দুর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ তা সরেজমিনে তদন্ত করবে। | সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আরিফুল ইসলাম
উপ -মহাপরিদর্শক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ৪০.০১.৮১০০.১০১.০৫.০০১.২০.১৪৩

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯

১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ : সদয় অবগতির জন্য-

- ১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৩) অফিস কপি।



মোঃ আরিফুল ইসলাম
উপ-মহাপরিদর্শক (চলতি দায়িত্ব)